# জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কর্ম ও জীবনমুখী শিক্ষা

বিষয় কোড : | 1 | 5 | 5 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ১ ঘণ্টা ৪০ মিনিট মান– ৩০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর মধ্য থেকে যেকোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও]

১। কথিত আছে যে কয়েকটি জিনিসের আবিষ্কার মানুষকে সভ্য মানুষ হিসেবে প্রতিষ্ঠিত করেছে তার মধ্যে আগুন অন্যতম। সভ্যতার শুরুতেই মানুষ আগুন আবিষ্কার করেছিল। কিন্তু আগুনের ব্যবহার আয়ত্ব করতে এবং আগুনের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে মানুষের অনেক বছর লেগেছে। আগুনের উপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে নিজের কাজে লাগানোর দক্ষতা মানুষ অর্জন করেছে মেধাশ্রম ও কায়িকশ্রম একসাথে প্রয়োগ ও অনুশীলনের মাধ্যমে।

ক. প্রাচীনকালের প্রচলিত বাহন কী ছিল? ১

খ. চাকা আবিষ্কারের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২

গ. মানুষ কিভাবে উদ্দীপকে উল্লিখিত উপকরণটির ব্যবহার শিখেছিল? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত শেষ বাক্যটি পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। মানুষ জীবনকে নিরাপদ ও আরামদায়ক করতে মেধাশ্রম ও কায়িকশ্রমকে কাজে লাগিয়ে একের পর এক নতুন নতুন জিনিস আবিষ্কার করে চলেছে। বিংশ শতাব্দীর এমনই এক বিস্ময়কর আবিষ্কার হলো রোবট। রোবট তৈরির সাথে অনেক প্রতিভাধর মানুষের নাম জড়িয়ে আছে। বর্তমান বিশ্বের অনেক ঝুঁকিপূর্ণ ও জটিল কাজে মানুষ রোবট ব্যবহার করছে।

http://teachingbd.com

ক. নভোচারী কী? ১

খ. কৃত্রিম উপগ্রহের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত যন্ত্রটি তৈরির সাথে জড়িত ব্যক্তিদের অবদান পাঠ্য বইয়ের আলোকে বর্ণনা কর। ৩

ঘ. আধুনিক বিশ্বে উদ্দীপকে উল্লিখিত যন্ত্রের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৩। লুবনা ও নিপা দুজনই নাহার বেগমের কাছে পোশাক তৈরি করা শিখেছেন। তাঁরা দুজনেই এখন দর্জির কাজ করেন। লুবনা পোশাক তৈরি করার ক্ষেত্রে সবসময় নাহার বেগমকে অনুকরণ করেন। কোনো নতুন ডিজাইনের অর্ডার পেলে তিনি নাহার বেগমের সহায়তা নেন। এ জন্য তাঁকে কখনও ঝুঁকির মধ্যে পড়তে হয়নি। এতে তিনি অনেকের প্রশংসাও পান। অপরদিকে নিপা তাঁর শেখা বিভিন্ন বিষয়কে অবলম্বন করে নতুন নতুন ডিজাইনের অর্ডার নেন। নতুন ডিজাইনের পোশাক তৈরি করে প্রায়ই তিনি ক্রেতাদের বাহবা পান।

ক. আত্মবিশ্বাস কী? ১

খ. আত্মবিশ্বাসের একটি গুরুত্বপূর্ণ উপাদান ব্যাখ্যা কর। ২

গ. নিপার কাজের ক্ষেত্রে কোন বৈশিষ্ট্য লক্ষণীয়? বর্ণনা কর। ৩

ঘ. কাজের ক্ষেত্রে লুবনার প্রশংসা পাওয়ার বিষয়টি মূল্যায়ন কর। ৪

৪। আরমানের বয়স ১৪ বছর। সে অষ্টম শ্রেণির মেধাবী শিক্ষার্থী। শিক্ষকেরা সবাই তাকে অনেক আদর করেন। কিন্তু নিজের পড়ালেখা ছাড়া আর কোনো কাজে তার কোনো খেয়াল নেই। পড়ার টেবিল গোছানো, স্কুল ব্যাগ গোছানো, জামা-কাপড় ধোয়া ইত্যাদি সব কাজই পরিবারের অন্যরা করে দেয়।

Teachingbd.com

http://teachingbd.com

ক. যেকোনো কাজ করার ক্ষেত্রে কোন বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ১

খ. প্রাত্যহিক জীবনে পরিবারের অন্যদের কাজের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত কাজগুলো নিজে না করার ফলে আরমানের কী ধরনের সমস্যা হতে পারে? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কাজগুলো নিজে করার গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫। জামিল অষ্টম শ্রেণির শিক্ষার্থী। সে গণিত ও বিজ্ঞান বিষয়ে খুব ভালো। অর্ধবার্ষিক পরীক্ষায় সে এই বিষয়গুলোতে বেশ ভালো নম্বর পেয়েছে। সে তার সহপাঠীদের গণিত ও বিজ্ঞান বিষয়ের বিভিন্ন সমস্যা সমাধান করতে সহায়তা করে। গণিত অলিম্পিয়াডেও সে ভালো করেছে। বিভিন্ন ধরনের প্রযুক্তির প্রতি তার বেশ আগ্রহ আছে। মোবাইল ফোনের ছোট খাট সমস্যা সে নিজেই সমাধান করতে পারে। তার এসব গুণের জন্য সবাই তাকে ভালোবাসে।

ক. পোর্টফোলিও কী? ১

খ. কর্মক্ষেত্রে সফল হওয়ার জন্য প্রয়োজনীয় একটি গুরুত্বপূর্ণ গুণ ব্যাখ্যা কর। ২

গ. জামিলের মধ্যে কোন যোগ্যতা ফুটে ওঠেছে? বর্ণনা কর। ৩

ঘ. নবম শ্রেণিতে জামিলের কোন শাখা নির্বাচন করা উচিত? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

# জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কর্ম ও জীবনমুখী শিক্ষা

বিষয় কোড : | 1 | 5 | 5 |

সময়– ২০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

মান—২০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. প্রাচীন সভ্যতা নদীর ধারে গড়ে ওঠার পেছনে কী কারণ ছিল?**
ক) প্রাচীন মানুষ পানিকে আশীর্বাদ ভাবত
খ) প্রাচীন সভ্যতার মানুষেরা পানির দেবতাকে ভয় পেত
গ) পানি জীবনের জন্য অপরিহার্য
ঘ) কোনোটিই নয়

**২. কোনটির মাধ্যমে প্রাচীন মানুষ গুহা খননের দক্ষতা অর্জন করেছিল?**
ক) পশু শিকারের মাধ্যমে
খ) ফলমূল খাওয়ার মাধ্যমে
গ) কায়িক শ্রম ও মেধা শ্রমের মাধ্যমে
ঘ) ভ্রমণের মাধ্যমে

**৩. সৃজনশীল মানুষের কাছে কাজ করাটাই কি?**
ক) তিরস্কার খ) পুরস্কার
গ) পরিষ্কার ঘ) আবিষ্কার

**৪. কোনো কিছু অন্ধভাবে বিশ্বাস করে না কে?**
ক) অন্ধ মানুষ খ) বোবা মানুষ
গ) সৃজনশীল মানুষ ঘ) পাগল মানুষ

**৫. কৃত্রিম উপগ্রহের মাধ্যমে—**
i. আবহাওয়ার খবর পাই
ii. ইন্টারনেট ব্যবহার করি
iii. পশু শিকার করি
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৬. আত্মমর্যাদাবান মানুষের বৈশিষ্ট্য—**
i. আত্মমর্যাদাবান মানুষ খুব সৎ হন
ii. আত্মমর্যাদাবান মানুষ অন্যায় করা থেকে বিরত থাকেন
iii. আত্মমর্যাদাবান মানুষ প্রতিবেশীদের শ্রদ্ধা করেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

■ **অনুচ্ছেদটি পড়ে নিচের ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
সামিন সকালে ঘুম থেকে উঠে বিছানা গুছিয়ে নেয়; তারপর ব্রাশ করে নাস্তা খেয়ে স্কুলের পড়া শেষ করে। তারপর গোসল করে স্কুলে যায়। মাঝে মাঝে সে স্কুলের আঙিনা পরিষ্কার করে।

**৭. শরীর খাটিয়ে যে কাজ করা হয় তাকে কী বলে?**
ক) কায়িক শ্রম খ) মেধাশ্রম
গ) মানসিক শ্রম ঘ) আশ্রম

**৮. 'সামিন পড়া-লেখা করে' এটি একটি—**
i. কায়িক শ্রম
ii. মেধাশ্রম
iii. সৃজনশীল কাজ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. বৈজ্ঞানিক ও সহজ উপায়ে কাজ করা সম্ভব কোন সময়?**
ক) সকালে
খ) বিকালে
গ) কাজে দক্ষতা অর্জনের মাধ্যমে
ঘ) শরীরের শক্তি বাড়িয়ে

**১০. কাজের ক্ষেত্রে কোনটি গুরুত্বপূর্ণ?**
ক) সহনশীলতা ও ধৈর্য
খ) সামর্থ্য
গ) অর্থ
ঘ) সম্পদ

http://teachingbd.com

১১. মেজাজ বিগড়ে যায় কখন?
ⓚ কাজের ফলাফল প্রতিকূলে থাকলে
ⓚ কাজের ফলাফল অনুকূলে থাকলে
ⓖ সময়মতো কাজ করলে
ⓖ কাজে মনোযোগ থাকলে

১২. কোনটির মাধ্যমে সৃজনশীল ও উদ্ভাবনী শক্তির বিকাশ ঘটবে?
ⓚ অন্যকে দিয়ে কাজ করানোর মাধ্যমে
ⓚ নিজের কাজ নিজে করার মাধ্যমে
ⓖ ঘুমিয়ে থাকার মাধ্যমে
ⓖ কম্পিউটারের গেম খেলার মাধ্যমে

১৩. কাজে ভুল হলে অনেক সময় মেজাজ কি হয়?
ⓚ বিগড়ে যায় ⓚ ঠান্ডা হয়ে যায়
ⓖ ভালো হয়ে যায় ⓖ গরম হয়ে যায়

১৪. মুশফিকের মামা দেখল—
i. মুশফিকের মন খুব খারাপ
ii. সে একদম চুপচাপ
iii. খুশিতে সে নাচছে
নিচের কোনটি সঠিক?
ⓚ ii ও iii ⓚ i ও iii
ⓖ i ও ii ⓖ i, ii ও iii

১৫. মুশফিককে তার নিজের কাজ নিজে করলে—
i. লজ্জা পেতে হতো না
ii. বন্ধুরা হাসাহাসি করত না
iii. স্যারের বকুনি খেত না
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৬. কোনটির মাধ্যমে সৃজনশীল ও উদ্ভানী শক্তির বিকাশ ঘটবে?
ⓚ অন্যকে দিয়ে কাজ করানোর মাধ্যমে
ⓚ ঘুমিয়ে থাকার মাধ্যমে
ⓖ নিজের কাজ নিজে করার মাধ্যমে
ⓖ কম্পিউটারে প্রোগাম করার মাধ্যমে

১৭. অবকাঠামো উন্নয়ন বলতে কী বোঝায়?
ⓚ দেশের সামগ্রিক উন্নয়নের বিচার
ⓚ বাড়ি ঘর তৈরি করা
ⓖ বর্হি:দেশের সাথে সম্পর্ক ভালো রাখা
ⓖ পরিবারের সবা মধ্যে সম্পর্ক ভালো রাখা

১৮. পরিবারের কাছ থেকে হাতে কলমে শেখা যায় —
i. সেলাইয়ের কাজ
ii. শিক্ষকতা
iii. রান্নার কাজ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

■ নিচের অনুচ্ছেদটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:

আমাদের দৈনন্দিন জীবন পরিচালনার জন্য অনেক জিনিসপত্রের দরকার হয়। প্রতিদিনের আহারের আয়োজনে চাল-ডাল, তরি-তরকারি, মাছ-মাংস, দুধ, মুদি সামগ্রী কিংবা পড়ালেখার বই-খাতা-কলমসহ বিভিন্ন জিনিসের প্রয়োজন হয়। জেলে, কৃষক, গোয়ালা, ব্যবসায়ী ও দোকানদার তাদের মেধা ও শ্রমের মাধ্যমে এসব জোগান দেন।

১৯. গোয়ালা কিসের মাধ্যমে দুধ জোগান দেন?
ⓚ ঘুরে বেড়ানোর মাধ্যমে
ⓚ মেধা ও শ্রমের মাধ্যমে
ⓖ গান গাওয়ার মাধ্যমে
ⓖ মোবাইলে কথা বলার মাধ্যমে

২০. প্রতিদিনের আহারের আয়োজনে লাগে, তা হলো—
i. চাল-ডাল লাগে
ii. কম্পিউটার লাগে
iii. তরিতরকারি লাগে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | ক | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | গ |

Teachingbd.com

http://teachingbd.com